

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
জয়পুরহাট সরকারি মহিলা কলেজ  
জয়পুরহাট।

Phone: 02589-915741; website: www.jgwc.edu.bd;

স্মারক নম্বর: জসমক/...../২০২৩

তারিখ: ৩১/০৮/২০২৩ খ্রি.

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জয়পুরহাট সরকারি মহিলা কলেজে “মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাবীন “সরকারি কলেজ সমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ (FOSEP)” প্রকল্পের অধীন আধুনিক ও দৃষ্টি নন্দন একাডেমিক ভবন নির্মাণের জন্য সাইট প্লান অনুযায়ী নির্মান এলাকার ১১ (এগারো) টি গাছ প্রকাশ্য নিলামে আগামী ১৩/০৯/২০২৩ খ্রি. সকাল ১১.৩০ মিনিটে প্রকৃত কাঠ ব্যবসায়ী/ বৈধ ‘স’ মিলের মালিক/ ব্যবহারকারীদের নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থেকে নিলামে অংশগ্রহণের জন্য আহ্বান করা যাচ্ছে। তবে অনিবার্য কারণবশত উক্ত কার্যক্রমের তারিখ পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা নিম্ন স্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

### শর্তাবলী

১. নিলাম ডাকে তালিকাভুক্তির সময় সকাল ১০.০০ হতে ১১.৩০ মিনিট পর্যন্ত। নির্ধারিত সময়ের (সকাল ১১.৩০ টা) পর আর কাউকে নিলামে অংশগ্রহণ করতে দেয়া হবে না।
২. নিলাম ডাকে অংশগ্রহণকারীদের নগদ ১৫০০০/- (পনের হাজার) টাকা জামানত হিসাবে জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে।
৩. নিলামে অংশগ্রহণের পূর্বে অবশ্যই সরজমিনে গাছগুলি দেখে নিতে হবে (অফিস চলাকালীন সময়ে)। নিলামে সর্বোচ্চ দরদাতা নির্বাচিত হওয়ার পর নাম প্রত্যাহার করা যাবে না। প্রত্যাহার করলে জামানত বাজেয়াপ্ত করা হবে।
৪. নিলামে অংশগ্রহণকারী তালিকাভুক্ত ব্যক্তি ব্যতীত নিলাম ডাকে অন্য কেউ উপস্থিত থাকতে পারবে না। এই প্রতিষ্ঠানে কর্মরত কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিলামে অংশগ্রহণ করতে পারবে না।
৫. গ্রহণযোগ্য দরদাতাকে কার্যাদেশ দেয়ার পূর্বে সমুদয় টাকা এককালীন পরিশোধ করতে হবে। কোন প্রকার আংশিক মূল্য গ্রহণ করা হবে না।
৬. বিধি মোতাবেক নিলামকৃত গাছের ক্রেতাকে সর্বোচ্চ উদ্ধৃত মূল্যের অতিরিক্ত ৭.৫% ভ্যাট ও ১০% আয়কর কার্যাদেশ প্রাপ্তির পূর্বেই ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমাদিতে হবে।
৭. নিলামকৃত গাছ যে অবস্থায় আছে কার্যাদেশ পাওয়ার পর ০৭ (সাত) দিনের মধ্যে আশপাশের কোন স্থাপনা বা অন্য কোন গাছের ক্ষতিসাধন/ প্রতিবন্ধকতা সৃষ্টি না করে অপসারণ করতে হবে।
৮. অধ্যক্ষ, জয়পুরহাট সরকারি মহিলা কলেজ এর অনুমতি ব্যতিরেকে গ্রহণযোগ্য দরদাতার পক্ষে কাজ পরিচালনার জন্য প্রতিনিধি নিযুক্ত করতে পারবে না এবং গাছ কর্তন কার্যক্রম শুধুমাত্র সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত চলবে। রাত্রিকালীন সময়ে কোন প্রকার গাছ কর্তন/ স্থানান্তর/ পরিবহন করা যাবে না।
৯. নিলাম নোটিশের শর্তে যাই উল্লেখ থাকুক না কেন, গ্রহণযোগ্য দরদাতাকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন-কানুন এবং পরবর্তীতে আরোপিত যে কোন কর/ লেভী এর আওতাভুক্ত থাকবে।
১০. ইট প্রস্তুত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ (সংশোধন) আইন ২০১৩ অনুযায়ী ইট ভাটায় ইট পাড়ানো কাজে জ্বালানী হিসেবে কাঠ/ জ্বালানী ব্যবহার করা যাবে না। সুতরাং কাঠ/ জ্বালানী কাঠ খরিদকারী ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এ আইন ভঙ্গ করলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
১১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম কার্যক্রম স্থগিত, পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



অধ্যক্ষ

জয়পুরহাট সরকারি মহিলা কলেজ  
জয়পুরহাট।  
প্রফেসর মোঃ আবু বক্কর সিদ্দিক (৭৯২৬)  
অধ্যক্ষ  
জয়পুরহাট সরকারি মহিলা কলেজ  
জয়পুরহাট

স্মারক নং: জসমক/নিলাম/...../২০২৩

তারিখ: ২৯/০৮/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প (FOSEP), মাউশি ঢাকা।
৪. জেলা প্রশাসক, জয়পুরহাট।
৫. পুলিশ সুপার, জয়পুরহাট।
৬. চেয়ারম্যান, জেলা পরিষদ, জয়পুরহাট।
৭. মেয়র, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।
৮. বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বগুড়া
৯. উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
১০. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট।
১১. অফিস নথি।

অধ্যক্ষ

জয়পুরহাট সরকারি মহিলা কলেজ  
জয়পুরহাট।